

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭০.৩১.০০১.১৭.২৬৪

তারিখ: ২ অগ্রহাষণ ১৪২৮

১৭ নভেম্বর ২০২১

বিষয়: নোয়াখালী জেলার হাতিয়া উপজেলাধীন 'মোহাম্মদ আলী কলেজ' স্থাপনের অনুমতি প্রসঙ্গে।

সূত্র: মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা এর স্মারক নং-৩৭.১৩.০০০০.৪০১.৭৭.০৬৬.২১.৪২৯, তারিখ:  
৩০ সেপ্টেম্বর ২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা-এর পরিদর্শন প্রতিবেদনের আলোকে নোয়াখালী জেলার হাতিয়া উপজেলাধীন 'মোহাম্মদ আলী কলেজ' স্থাপনের অনুমতি প্রদানে নিম্নোক্ত শর্তে মন্ত্রণালয়ের সম্মতি জ্ঞাপন করা হলো:

**শর্তসমূহ:**

- ১। পাঠদানের অনুমতি চাওয়ার পূর্বেই অধ্যক্ষসহ প্রয়োজনীয় প্রশাসনিক জনবল নিয়োগ, জমি ক্রয় এবং অবকাঠামো নির্মাণসহ অন্যান্য প্রয়োজনীয় শিক্ষা উপকরণ সংগ্রহ/তৈরি করতে হবে;
- ২। ব্যক্তি নামে কলেজ নামকরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসার এবং অধ্যক্ষের যৌথ স্বাক্ষরে ১৫,০০,০০০ (পনের লক্ষ) টাকা ব্যাংকে জমা প্রদান করতে হবে;
- ৩। কলেজ প্রতিষ্ঠা ও পরিচালনার সাথে সরকারের কোনো আর্থিক সংশ্লেষ থাকবে না;
- ৪। কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোনো সময় এ অনুমোদন বাতিল করতে পারবে; এবং
- ৫। বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে।

১৮-১১-২০২১

মোহাম্মদ আবু নাসের বেগ  
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ৯৫৭৭৪২৫

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭০.৩১.০০১.১৭.২৬৪/১(৯)

তারিখ: ২ অগ্রহাষণ ১৪২৮

১৭ নভেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
- ২) মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
- ৩) যুগ্মসচিব, কলেজ-১ অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) মন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

- ৫) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৬) উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৭) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৮) অধ্যক্ষ, মোহাম্মদ আলী কলেজ, হাতিয়া, নোয়াখালী
- ৯) ব্যক্তিগত কর্মকর্তা, কলেজ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



১৮-১১-২০২১

মোহাম্মদ আবু নাসের বেগ  
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)